রেজিস্টার্ড নং ডি এ-১ ২০২৩ সনের ২৫ নং

# বাংলাদেশ গেজেট

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, জুন ২২, ২০২৩

## সূচীপত্র


| | পৃষ্ঠা নং | | পৃষ্ঠা নং |
|---|---|---|---|
| ১ম খণ্ড—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সকল মন্ত্রণালয়, বিভাগ, সংযুক্ত ও অধীনস্থ দপ্তরসমূহ এবং বাংলাদেশ সুপ্রীম কোর্ট কর্তৃক জারীকৃত বিধি ও আদেশাবলি সম্বলিত বিধিবদ্ধ প্রজ্ঞাপনসমূহ। | ৩৯৭—৪০৩ | ৭ম খণ্ড—অন্য কোনো খণ্ডে অপ্রকাশিত অধঃস্তন প্রশাসন কর্তৃক জারীকৃত অ-বিধিবদ্ধ ও বিবিধ প্রজ্ঞাপনসমূহ। | নাই |
| | | ৮ম খণ্ড—বেসরকারি ব্যক্তি এবং কর্পোরেশন কর্তৃক অর্থের বিনিময়ে জারীকৃত বিজ্ঞাপন ও নোটিশসমূহ। | নাই |
| ২য় খণ্ড—প্রতিরক্ষা মন্ত্রণালয় ও বাংলাদেশ সুপ্রীম কোর্ট ব্যতীত গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কর্তৃক জারীকৃত যাবতীয় নিয়োগ, পদোন্নতি, বদলি ইত্যাদি বিষয়ক প্রজ্ঞাপনসমূহ। | ৬৯৩—৭২০ | ক্রোড়পত্র—সংখ্যা | নাই |
| | | (১) . . . . .সনের জন্য উৎপাদনমুখী শিল্পসমূহের শুমারি। | নাই |
| | | (২) . . . . .বৎসরের জন্য বাংলাদেশের লিচুর চূড়ান্ত আনুমানিক হিসাব। | নাই |
| ৩য় খণ্ড—প্রথম খণ্ডে অন্তর্ভুক্ত প্রজ্ঞাপনসমূহ ব্যতীত প্রতিরক্ষা মন্ত্রণালয় কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপনসমূহ। | নাই | (৩) . . . . . বৎসরের জন্য বাংলাদেশের টক জাতীয় ফলের আনুমানিক হিসাব। | নাই |
| ৪র্থ খণ্ড—প্রথম খণ্ডে অন্তর্ভুক্ত প্রজ্ঞাপনসমূহ ব্যতীত পেটেন্ট অফিস কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপনসমূহ ইত্যাদি। | নাই | (৪) . . . . . কৃষি মন্ত্রণালয় কর্তৃক প্রকাশিত বৎসরের চা উৎপাদনের চূড়ান্ত আনুষ্ঠানিক হিসাব। | নাই |
| ৫ম খণ্ড—বাংলাদেশ জাতীয় সংসদের এ্যাক্ট, বিল ইত্যাদি। | নাই | (৫) . . . . . তারিখে সমাপ্ত সপ্তাহে বাংলাদেশের জেলা এবং শহরে কলেরা, গুটি বসন্ত, প্লেগ এবং অন্যান্য সংক্রামক ব্যাধি দ্বারা আক্রমণ ও মৃত্যুর সাপ্তাহিক পরিসংখ্যান। | নাই |
| ৬ষ্ঠ খণ্ড—প্রথম খণ্ডে অন্তর্ভুক্ত প্রজ্ঞাপনসমূহ ব্যতীত বাংলাদেশ সুপ্রীম কোর্ট, বাংলাদেশের মহা-হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক, বাংলাদেশ সরকারী কর্ম কমিশন এবং গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের অধঃস্তন ও সংযুক্ত দপ্তরসমূহ কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপনসমূহ। | ৬৬১—৭৩৬ | (৬) ......................... তারিখে সমাপ্ত ত্রৈমাসিক পরিচালক, চলচ্চিত্র ও প্রকাশনা অধিদপ্তর কর্তৃক প্রকাশিত ত্রৈমাসিক গ্রন্থ তালিকা। | নাই |


## ১ম খণ্ড

## গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সকল মন্ত্রণালয়, বিভাগ, সংযুক্ত ও অধীনস্থ দপ্তরসমূহ এবং বাংলাদেশ সুপ্রীম কোর্ট কর্তৃক জারীকৃত বিধি ও আদেশাবলি সম্বলিত বিধিবদ্ধ প্রজ্ঞাপনসমূহ।

**রাষ্ট্রপতির কার্যালয়**
**আপন বিভাগ**
**প্রশাসন শাখা**

**প্রজ্ঞাপন**

**তারিখ: ২৪ বৈশাখ ১৪৩০/০৭ মে ২০২৩**

নং ০২.০০.০০০০.০০৭.৩৬.৫৭৪.২২.৬৫৮—যেহেতু, জনাব মোঃ আজহারুল ইসলাম চৌধুরী, ব্যক্তিগত কর্মকর্তা, রাষ্ট্রপতির কার্যালয়, আপন বিভাগ-এর বিরুদ্ধে জনৈক জনাব মোঃ আবদুস সালাম, সেকশন-১০, ব্লক-সি, রোড-১৫, বাসা নং-২/৩, মিরপুর, ঢাকা-১২১৬, মোবাইল: ০১৭১৬-৩৬৮৪৮১; লিখিত অভিযোগ করেন যে, তিনি (জনাব মোঃ আজহারুল ইসলাম চৌধুরী) ছাত্র জীবন থেকে তার (জনাব মোঃ আবদুস সালাম) পরিচিত বিধায় ২০১৮ সালে সেনাবাহিনীর বেসামরিক পদে চাকরি দেয়ার প্রলোভন দেখিয়ে তার (জনাব মোঃ আবদুস সালাম) গ্রামের ভাতিজার কাছ থেকে তার (জনাব মোঃ আবদুস সালাম) মাধ্যমে ৩,৫০,০০০/- (তিন লক্ষ পঞ্চাশ হাজার) টাকা গ্রহণ করেন এবং এ প্রেক্ষিতে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ মোতাবেক অসদাচরণের অভিযোগে বিভাগীয় মামলা নম্বর ০১/২০২২ রুজু করে এ বিভাগের ১৬ অক্টোবর ২০২২ তারিখের ০২.০০.০০০০.০০৭.৩৬.০৬৩.১৬.১৪৮৫ নম্বর স্মারকমূলে জনাব মোঃ আজহারুল ইসলাম চৌধুরী, ব্যক্তিগত কর্মকর্তা-কে কৈফিয়ত তলব করা হয়; এবং

২। যেহেতু, উপর্যুক্ত কৈফিয়ত তলবের প্রেক্ষিতে জনাব মোঃ আজহারুল ইসলাম চৌধুরী, ব্যক্তিগত কর্মকর্তা বিগত ২৭ অক্টোবর ২০২৩ তারিখে লিখিত জবাব পেশ করেন; এবং

৩। যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা জনাব মোঃ আজহারুল ইসলাম চৌধুরী, ব্যক্তিগত কর্মকর্তা এর উক্ত লিখিত জবাব কর্তৃপক্ষের নিকট সন্তোষজনক বিবেচিত না হওয়ায় বিভাগীয় মামলাটি তদন্ত করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়; এবং

মোস্তাফিজুর রহমান, উপপরিচালক (ভারপ্রাপ্ত), বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ সাখাওয়াত হোসেন, উপপরিচালক (উপসচিব) (অতিরিক্ত দায়িত্ব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd

৪। যেহেতু, উক্ত বিভাগীয় মামলাটি তদন্ত করার জন্য এ বিভাগের ২১ নভেম্বর ২০২২ তারিখের ০২.০০.০০০০.০০৭.৩৬.৫৭৪.২২.১৬২৩ নম্বর স্মারকমূলে এ বিভাগে কর্মরত সিনিয়র সহকারী সচিব জনাব মোঃ রুহুল আমীন-কে সভাপতি করে তিন সদস্য বিশিষ্ট তদন্ত বোর্ড গঠন করা হয় এবং তদন্ত বোর্ড কর্তৃক বিভাগীয় মামলাটি তদন্ত করে প্রতিবেদন দাখিল করা হয়; এবং

৫। যেহেতু, তদন্ত বোর্ড কর্তৃক দাখিলকৃত তদন্ত প্রতিবেদনের জনাব মোঃ আজহারুল ইসলাম চৌধুরী, ব্যক্তিগত কর্মকর্তার বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৩(খ) মোতাবেক আনীত অসদাচরণের অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত হয়েছে বলে মতামত প্রদান করা হয়; এবং

৬। যেহেতু, তদন্ত বোর্ড কর্তৃক দাখিলকৃত তদন্ত প্রতিবেদন এবং অভিযুক্ত কর্মকর্তা জনাব মোঃ আজহারুল ইসলাম চৌধুরী, ব্যক্তিগত কর্মকর্তা এর লিখিত জবাবসহ বিভাগীয় মামলা সংশ্লিষ্ট অন্যান্য কাগজপত্রসহ সার্বিক বিষয়াদি সামগ্রিকভাবে পর্যালোচনা ও বিবেচনা করে অসদাচরণের অপরাধে তার উপর এক বছরের জন্য বেতন বৃদ্ধি স্থগিত রাখার লঘুদণ্ড আরোপ যুক্তিযুক্ত ও সমীচীন বলে প্রতীয়মান হয়; এবং

৭। সেহেতু, রাষ্ট্রপতির কার্যালয়, আপন বিভাগের ব্যক্তিগত কর্মকর্তা জনাব মোঃ আজহারুল ইসলাম চৌধুরীকে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) বিধি মোতাবেক অসদাচরণের অপরাধে দোষী সাব্যস্ত করে উক্ত বিধিমালার ৪(২)(খ) বিধি মোতাবেক তার বার্ষিক বেতন বৃদ্ধি পরবর্তী এক বছরের জন্য স্থগিত রাখার লঘুদণ্ড প্রদান করা হলো। ভবিষ্যৎ বেতন বৃদ্ধির ক্ষেত্রে তিনি এর কোনো বকেয়া সুবিধা প্রাপ্য হবেন না।

৮। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মেজর জেনারেল এসএম সালাহউদ্দিন ইসলাম**
বিপি, এসপিপি, এনডিসি, পিএসসি
রাষ্ট্রপতির সামরিক সচিব।

---

**বাংলাদেশ নির্বাচন কমিশন**
**নির্বাচন কমিশন সচিবালয়**

**আদেশ**

তারিখ: ১৩ বৈশাখ ১৪৩০/২৬ এপ্রিল ২০২৩

নং **১৭.০০.০০০০.০৮৩.২৭.০১৪.২১-৯৩—যেহেতু** জনাব মোঃ আরিফুল হক, অতিরিক্ত আঞ্চলিক নির্বাচন কর্মকর্তা (সাময়িক বরখাস্তকৃত), কুমিল্লা অঞ্চল কুমিল্লা এর বিরুদ্ধে তার স্ত্রী কর্তৃক দায়েরকৃত মামলায় তিনি জেলহাজতে যান এবং সরকারি চাকরি আইন, ২০১৮ এর ধারা ৭ মোতাবেক তাকে সরকারি চাকরি হতে সাময়িকভাবে বরখাস্ত করা হয়;

২। যেহেতু, জনাব মোঃ আরিফুল হক, অতিরিক্ত আঞ্চলিক নির্বাচন কর্মকর্তা (সাময়িক বরখাস্তকৃত), কুমিল্লা অঞ্চল কুমিল্লা এর বিরুদ্ধে বিজ্ঞ অতিরিক্ত চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট আদালত পিরোজপুর এ রুজুকৃত সি.আর. কেস নং-১২০/২০২০ (পিরোজপুর) এর পরিপ্রেক্ষিতে বিজ্ঞ অতিরিক্ত চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট আদালত, পিরোজপুর উক্ত মামলাটি ফৌজদারী কার্যবিধির ২৪৭ ধারা অনুযায়ী ১২ মার্চ ২০২৩ তারিখে নিষ্পত্তিক্রমে তাকে উল্লেখিত মামলার দায় হতে খালাস প্রদান করেন;

৩। সেহেতু সরকারি চাকরি আইন, ২০১৮ এর ধারা ৩৯(৩) অনুযায়ী তার সাময়িক বরখাস্ত আদেশ প্রত্যাহার করা হ'ল এবং সাময়িক বরখাস্তকাল কর্মকাল হিসাবে গণ্য হবে, এছাড়া তিনি বাংলাদেশ সার্ভিসরুলস পার্ট-১ এর বিধি ৭২(এ) অনুযায়ী বেতন ভাতাদি প্রাপ্য হবেন।

এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ জাহাংগীর আলম**
সচিব।

---

**অর্থ মন্ত্রণালয়**
**অভ্যন্তরীন সম্পদ বিভাগ**
**অধিশাখা-২ (কর)**

**প্রজ্ঞাপন**

তারিখ: ০৫ বৈশাখ ১৪২৯/১৮ এপ্রিল ২০২৩

নং **০৮.০০.০০০০.০৩৭.৬৫.০৭৪.১৩.৩৯**—যেহেতু, নাফিসা নূর তালুকদার (২০০৩৫৬), যুগ্ম কর কমিশনার, কর অঞ্চল-বগুড়া চিকিৎসাজনিত কারণে ১৪-০৬-২০২২ হতে ০৪-০৭-২০২২ খ্রিঃ তারিখ পর্যন্ত মোট ২১ (একুশ) দিন ছুটি মঞ্জুরের জন্য কর কমিশনার, কর অঞ্চল-বগুড়া বরাবর আবেদন করেন; কিন্তু কর কমিশনার, কর অঞ্চল-বগুড়া উক্ত ছুটি অনুমোদনকারী কর্তৃপক্ষ নন; তার আবেদিত ছুটি মঞ্জুর না হওয়া সত্ত্বেও তিনি অফিসে অনুপস্থিত ছিলেন;

২। যেহেতু, ০৫-০৭-২০২২ হতে ০৫-১০-২০২২ খ্রিঃ তারিখ পর্যন্ত ৯০ (নব্বই) দিনের চিকিৎসাজনিত ছুটির জন্য যথাযথ কর্তৃপক্ষ ব্যতিরেকে সরাসরি সদস্য (কর প্রশাসন ও মানব সম্পদ ব্যবস্থাপনা) জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা বরাবরে আবেদন করেন; যথাযথ কর্তৃপক্ষের মাধ্যম ব্যতিরেকে আবেদন করায় সদস্য (কর প্রশাসন ও মানব সম্পদ ব্যবস্থাপনা), জাতীয় রাজস্ব বোর্ড ১৪-০৭-২০২২ খ্রিঃ তারিখে তাকে কারণ দর্শানো নোটিশ প্রদান করেন; তিনি ২৬-০৭-২০২২ খ্রিঃ তারিখে কারণ দর্শানো নোটিশের জবাব প্রদান করেন, যা সন্তোষজনক ছিল না; তিনি কর্তৃপক্ষের অনুমতি ব্যতিত ১৪-০৬-২০২২ হতে ২৪-০৮-২০২২ খ্রিঃ তারিখ পর্যন্ত অননুমোদিতভাবে কর্মস্থলে অনুপস্থিত ছিলেন;

৩। যেহেতু, নাফিসা নূর তালুকদার (২০০৩৫৬), যুগ্ম কর কমিশনার, কর অঞ্চল-বগুড়ায় ১১-০৪-২০২২ খ্রিঃ তারিখে যোগদানের পর ২৩-০৬-২০২২ খ্রিঃ তারিখে কর অঞ্চল-বগুড়া হতে ঢাকায় বদলির জন্য যথাযথ কর্তৃপক্ষের মাধ্যম ব্যতিরেকে সরাসরি চেয়ারম্যান, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা বরাবর আবেদন করেন;

৪। যেহেতু, তার উপরিউক্ত কার্যকলাপ সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৩(খ) অনুযায়ী "অসদাচরণ" ও ৩(গ) বিধি অনুযায়ী "পলায়ন (Desertion)" এর

পর্যায়ভুক্ত শাস্তিযোগ্য অপরাধ হওয়ায় তার বিরুদ্ধে একই বিধিমালার বিধি ৩(খ) অনুযায়ী "অসদাচরণ" ও বিধি ৩(গ) অনুযায়ী "পলায়ন (Desertion)" এর অভিযোগ আনয়নপূর্বক ০১/২০২৩ বিভাগীয় মামলা রুজু করা হয় এবং এ বিভাগের ২৯ জানুয়ারি ২০২৩ তারিখে ০৮.০০.০০০০.০৩৭.৬৫. ০৭৪.১৩.০৭ সংখ্যক স্মারকের মাধ্যমে যথাযথ পদ্ধতিতে অভিযোগনামা জারি করা হয়;

৫। যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা নির্ধারিত সময়ের মধ্যে কারণ দর্শানোর জবাব দাখিল করেছেন এবং জবাবে তিনি ব্যক্তিগত শুনানি প্রদানের আগ্রহ প্রকাশ করায় ২৮ মার্চ ২০২৩ তারিখে তার ব্যক্তিগত শুনানি গ্রহণ করা হয়;

৬। যেহেতু, অভিযুক্ত কর্মকর্তার দাখিলকৃত লিখিত জবাব এবং ব্যক্তিগত শুনানিতে প্রদত্ত বক্তব্য এবং সার্বিক বিষয় বিবেচনায় কর্তৃপক্ষের বিনা অনুমতিতে তার কর্মস্থলে অনুপস্থিত থাকা ও পলায়নের বিষয়টি প্রমাণিত; একজন সরকারি কর্মকর্তা হিসেবে তার এ ধরনের কর্মকাণ্ড অপরাধের শামিল;

৭। সেহেতু, নাফিসা নূর তালুকদার (২০০৩৫৬), যুগ্ম কর কমিশনার, কর অঞ্চল-বগুড়া-কে সরকারি কর্মচারি (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৪(২)(১)(ক) অনুযায়ী 'তিরস্কার' দণ্ড প্রদান করা হলো এবং অননুমোদিত অনুপস্থিতকাল বিনা বেতনে অসাধারণ ছুটি হিসেবে মঞ্জুর করা হলো।

৮। জনস্বার্থে এ আদেশ জারি করা হলো।

**আবু হেনা মোঃ রহমাতুল মুনিম**
**সিনিয়র** সচিব।

---

**জাতীয় রাজস্ব বোর্ড**
**[কাস্টমস: রপ্তানি ও বন্ড শাখা]**

**প্রজ্ঞাপনসমূহ**

তারিখ: ০৪ বৈশাখ, ১৪৩০ বঙ্গাব্দ/১৭ এপ্রিল, ২০২৩ খ্রিষ্টাব্দ

নং **১৬/২০২৩ কাস্টমস/১৯৪**—The Customs Act, 1969 এর Section-13(2) এ প্রদত্ত ক্ষমতাবলে, জাতীয় রাজস্ব বোর্ড, হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দর, ঢাকায় অবস্থিত মেসার্স ফু-ওয়াং বোলিং এন্ড সার্ভিসেস লিমিটেড (বন্ড লাইসেন্স নং১৪৭০/কাস-এসবিডাব্লিউ/২০১৩, তারিখ : ১৬-০১-২০১৩ খ্রিঃ) এর অনুকূলে ২০২২-২০২৩ অর্থবছরের জন্য নিম্নরূপ বার্ষিক আমদানি প্রাপ্যতা প্রদান করিল, যথা:

| ক্র নং | বিবরণ | ২০২২-২০২৩ অর্থবছরের জন্য বার্ষিক আমদানি প্রাপ্যতা (মাঃ ডঃ) |
|---|---|---|
| ১ | টোব্যাকো | ৩৭,০০০.০০ |
| ২ | লিকার | ৩৫,০০০.০০ |
| ৩ | কনফেকশনারী | ০০ |
| ৪ | টয়লেট্রিজ | ৩,৮৫৩.০০ |
| | মোট | ৭৫,৮৫৩.০০ |

নং **১৭/২০২৩/কাস্টমস/১৯৫**—The Customs Act, 1969 (Act-IV of 1969) এর Section-13(2) এ প্রদত্ত ক্ষমতাবলে, জাতীয় রাজস্ব বোর্ড কর্তৃক বিভিন্ন শুল্ক স্টেশনে অবস্থিত মেসার্স ঢাকা ওয়্যার হাউস লিমিটেড (বন্ড লাইসেন্স নং-০৭/এসবিডব্লিউ/১৯৮১, তারিখ-১১-০৪-১৯৮১ খ্রিঃ) এর নামীয় শুল্কমুক্ত বিপণীর অনুকূলে জাতীয় রাজস্ব বোর্ডের প্রজ্ঞাপন নং-৩৭/২০২২ কাস্টমস/২৪৭, তারিখ: ২৯-০৬-২০২২ খ্রিঃ এর মাধ্যমে ২০২২-২০২৩ অর্থবছরের ১ম ৬ (ছয়) মাসের জন্য বার্ষিক আমদানি প্রাপ্যতা প্রদান করা হয়। উক্ত মেয়াদ অতিক্রান্ত হওয়ায় প্রতিষ্ঠানটি ২০২২-২০২৩ অর্থবছরের অবশিষ্ট সময়ের জন্য বর্ধিত প্রাপ্যতা প্রদানের আবেদন জানান। প্রতিষ্ঠানের আবেদন এবং সার্বিক পরিস্থিতি বিবেচনায় উক্ত প্রতিষ্ঠানের ২০২২-২০২৩ অর্থবছরের ১ম ৬(ছয়) মাসের জন্য অনুমোদিত প্রাপ্যতা হতে ইতোমধ্যে কৃত আমদানী বাদে অবশিষ্ট পরিমাণ প্রাপ্যতার (৩,৭৬,৭৪২,৭০ মাঃ ডলার) মেয়াদ আগামী ৩০-০৬-২০২৩ খ্রিষ্টাব্দ তারিখ পর্যন্ত বর্ধিত করা হ'ল।

২। জাতীয় রাজস্ব বোর্ডের পত্র নথি নং-০৮.০১.০০০০. ৫৬.০২.০০৬.২০২০/১২২ তারিখ: ০৪-০৪-২০২২ খ্রিঃ এর মাধ্যমে খালাসের অনুমতি প্রাপ্ত পণ্য চালানটির মূল্য (৯৭১৫ মাঃ ডলার) ইতোমধ্যে প্রাপ্যতা হতে সমন্বয় না করা হয়ে থাকলে আলোচ্য প্রাপ্যতা হতে সমন্বয়যোগ্য হবে।

**নাজমুন নাহার**
**দ্বিতীয়** সচিব (কাস্টমস: রপ্তানি ও বন্ড)।

---

**আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়**
**আইন ও বিচার বিভাগ**
**বিচার শাখা-৭**

**আদেশাবলি**

তারিখ: ০৫ বৈশাখ ১৪৩০/১৮ এপ্রিল ২০২৩

নং **১০.০০.০০০০.১৩১.১১.০০৮.৯৯(১/১)-১৫৪**—মুসলিম বিবাহ ও তালাক (নিবন্ধন) আইন, ১৯৭৪ (১৯৭৪ সনের ৫২ নং আইন) এর ৪ ধারার প্রদত্ত ক্ষমতাবলে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার সন্তুষ্ট হইয়া আপনাকে জনাব শহিদুল ইসলাম, জন্ম তারিখ: ০৩-০১-১৯৮০ খ্রিঃ পিতা: আবদুর রহিম, মাতা-মাজেদা বেগম, গ্রাম/রাস্তা-কাঠপট্টি সড়ক, ওয়ার্ড নং-০৭, ডাকঘর-বরগুনা, উপজেলা- বরগুনা সদর জেলা-বরগুনা। এই আইন ও উহার অধীন প্রণীত বিধি দ্বারা নির্ধারিত পদ্ধতিতে বরগুনা পৌরসভার ০৭ ও ০৮ নং ওয়ার্ডের জন্য বিবাহ ও তালাক সংশ্লিষ্ট ব্যক্তি কর্তৃক মৌখিক বা লিখিত আবেদনের প্রেক্ষিতে উক্ত বিবাহ ও তালাক নিবন্ধনের ক্ষমতা প্রদান করিল।

২। এই আইন ও উহার অধীন প্রণীত বিধিমালার বিধানসমূহ যথাযথভাবে প্রতিপালন করা আপনার দায়িত্ব হইবে।

৩। সরকার বাতিল বা স্থগিত না করা পর্যন্ত অথবা লাইসেন্সধারী ব্যক্তির বয়স ৬৭ (সাতষট্টি) বৎসর না হওয়া পর্যন্ত এই লাইসেন্স বলবৎ থাকিবে।

তবে শর্ত থাকে যে, সরকার যে কোনো সময় লাইসেন্সধারী ব্যক্তির উক্ত বয়স পুনর্নির্ধারণ করিতে পারিবে।

উল্লেখ্য, বর্ণিত বিষয়ে কোনো উপযুক্ত আদালতের কোনোরূপ স্থগিতাদেশ/নিষেধাজ্ঞা/স্থিতাবস্থা থাকিলে এই নিয়োগ আদেশ স্থগিত বলিয়া গণ্য হইবে।

নং **১০.০০.০০০০.১৩১.১১.০০১.৮৯(১/৩)-১৫৮**—মুসলিম বিবাহ ও তালাক (নিবন্ধন) আইন, ১৯৭৪ (১৯৭৪ সনের ৫২ নং আইন) এর ৪ ধারার প্রদত্ত ক্ষমতাবলে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার সন্তুষ্ট হইয়া আপনাকে জনাব রুজেল ইসলাম, জন্ম তারিখ: ১২-১০-১৯৯৯ খ্রিঃ পিতাঃ আব্দুল কুদ্দুস, মাতা-রোকেয়া বেগম, গ্রাম-উত্তর আমবাড়ী মাঝাপারা, ওয়ার্ড নং-০২, ডাকঘর-গোমনাতী, উপজেলা-ডোমার, জেলা-নীলফামারী। এই আইন ও উহার অধীন প্রণীত বিধি দ্বারা নির্ধারিত পদ্ধতিতে নীলফামারী জেলার ডোমার উপজেলার ০৩ নং গোমনাতী ইউনিয়নের জন্য বিবাহ ও তালাক সংশ্লিষ্ট ব্যক্তি কর্তৃক মৌখিক বা লিখিত আবেদনের প্রেক্ষিতে উক্ত বিবাহ ও তালাক নিবন্ধনের ক্ষমতা প্রদান করিল।

২। এই আইন ও উহার অধীন প্রণীত বিধিমালার বিধানসমূহ যথাযথভাবে প্রতিপালন করা আপনার দায়িত্ব হইবে।

৩। সরকার বাতিল বা স্থগিত না করা পর্যন্ত অথবা লাইসেন্সধারী ব্যক্তির বয়স ৬৭ (সাতষট্টি) বৎসর না হওয়া পর্যন্ত এই লাইসেন্স বলবৎ থাকিবে।

তবে শর্ত থাকে যে, সরকার যে কোনো সময় লাইসেন্সধারী ব্যক্তির উক্ত বয়স পুনর্নির্ধারণ করিতে পারিবে।

উল্লেখ্য, বর্ণিত বিষয়ে কোনো উপযুক্ত আদালতের কোনোরূপ স্থগিতাদেশ/নিষেধাজ্ঞা/স্থিতাবস্থা থাকিলে এই নিয়োগ আদেশ স্থগিত বলিয়া গণ্য হইবে।

নং **১০.০০.০০০০.১৩১.১১.০০১.৮৯(১/৩)-১৫৯**—মুসলিম বিবাহ ও তালাক (নিবন্ধন) আইন, ১৯৭৪ (১৯৭৪ সনের ৫২ নং আইন) এর ৪ ধারার প্রদত্ত ক্ষমতাবলে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার সন্তুষ্ট হইয়া আপনাকে জনাব মোঃ আব্দুল আজিজ , জন্ম তারিখ: ০৪-১১-১৯৭৮ খ্রিঃ পিতাঃ মোঃ আব্দুর রহমান , মাতা-মোছাঃ মহিতোন নেছা, গ্রাম-আকাশকুড়ি, ওয়ার্ড নং-০১, ডাকঘর-নাউতারা, উপজেলা-ডিমলা, জেলা-নীলফামারী। এই আইন ও উহার অধীন প্রণীত বিধি দ্বারা নির্ধারিত পদ্ধতিতে নীলফামারী জেলার ডিমলা উপজেলার ০৬ নং নাউতারা ইউনিয়নের জন্য বিবাহ ও তালাক সংশ্লিষ্ট ব্যক্তি কর্তৃক মৌখিক বা লিখিত আবেদনের প্রেক্ষিতে উক্ত বিবাহ ও তালাক নিবন্ধনের ক্ষমতা প্রদান করিল।

২। এই আইন ও উহার অধীন প্রণীত বিধিমালার বিধানসমূহ যথাযথভাবে প্রতিপালন করা আপনার দায়িত্ব হইবে।

৩। সরকার বাতিল বা স্থগিত না করা পর্যন্ত অথবা লাইসেন্সধারী ব্যক্তির বয়স ৬৭ (সাতষট্টি) বৎসর না হওয়া পর্যন্ত এই লাইসেন্স বলবৎ থাকিবে।

তবে শর্ত থাকে যে, সরকার যে কোনো সময় লাইসেন্সধারী ব্যক্তির উক্ত বয়স পুনর্নির্ধারণ করিতে পারিবে।

উল্লেখ্য, বর্ণিত বিষয়ে কোনো উপযুক্ত আদালতের কোনোরূপ স্থগিতাদেশ/নিষেধাজ্ঞা/স্থিতাবস্থা থাকিলে এই নিয়োগ আদেশ স্থগিত বলিয়া গণ্য হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মুরাদ জাহান চৌধুরী**
সিনিয়র সহকারী সচিব।

## বিচার শাখা-৬

## আদেশ

**তারিখঃ ২৮ চৈত্র, ১৪২৯** বঙ্গাব্দ/**১১** এপ্রিল, ২০২৩ খ্রিষ্টাব্দ

নং আর-৬/৭এন-১০২/২০২২-২৫১—The Notaries Ordinance, 1961 (১৯৬১ সালের ১৯ নং অধ্যাদেশ) এর ০৩ ধারায় অর্পিত ক্ষমতাবলে পটুয়াখালী জেলা আইনজীবী সমিতির সদস্য এডভোকেট জনাব মোঃ মনিরুজ্জামান, পিতা-মোঃ আঃ জব্বার মিয়া-কে সমগ্র বাংলাদেশ অধিক্ষেত্রের জন্য নোটারী হিসেবে কার্য সম্পাদনের নিমিত্ত এতদ্বারা নিম্নবর্ণিত শর্তাবলি সাপেক্ষে, এই সার্টিফিকেট প্রদানের তারিখ হইতে ০৩ (তিন) বৎসর মেয়াদের জন্য নোটারীরূপে নিয়োগ দান করা হইল:–

(ক) যদি তিনি উপরোক্ত মেয়াদ শেষ হইবার পরে নোটারীরূপে কাজ করিতে চান, তাহা হইলে উক্ত মেয়াদ শেষ হওয়ার অন্ততঃ তিন মাস পূর্বে, তিনি উল্লিখিত অধ্যাদেশ এর ৫(২) ধারার অধীনে আবেদনপত্র পেশ করিবেন।

(খ) The Notaries Rules, 1964-এর ১৯ নং ফরমে তিনি প্রতি বৎসর জানুয়ারি মাসের প্রথম সপ্তাহে পূর্ববর্তী বৎসরে নোটারীরূপে তৎকর্তৃক সম্পাদিত যাবতীয় কার্যের একটি বিবরণী (রিটার্ন) সরকারের নিকট পেশ করিবেন।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**আবু সালেহ্ মোঃ সালাহউদ্দিন খাঁ**
উপসচিব (রেজিস্ট্রেশন)।

## বিচার শাখা-৭

## আদেশাবলি

**তারিখঃ ৩০ চৈত্র, ১৪২৯** বঙ্গাব্দ/১৩ এপ্রিল, ২০২৩ খ্রিষ্টাব্দ

নং **১০.০০.০০০০.১৩১.১১.০০৮.৭৫(১)-১৪৯**—মুসলিম বিবাহ ও তালাক (নিবন্ধন) আইন, ১৯৭৪ (১৯৭৪ সনের ৫২ নং আইন) এর ৪ ধারার প্রদত্ত ক্ষমতাবলে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার সন্তুষ্ট হইয়া আপনাকে জনাব মোহাম্মদ মাসুম বিল্লাহ , জন্ম তারিখ: ০১-০৩-১৯৮২ খ্রিঃ, পিতাঃ মোহাম্মদ গোলাম মোস্তফা , মাতা-মোসাঃ রাবেয়া বেগম, গ্রাম-এতিমখানা সড়ক, হোল্ডিং নং-৪২, ওয়ার্ড নং-০৪, ডাকঘর-খেপুপাড়া, উপজেলা-কলাপাড়া, জেলা-পটুয়াখালী। এই আইন ও উহার অধীন প্রণীত বিধি দ্বারা নির্ধারিত পদ্ধতিতে পটুয়াখালী জেলার কলাপাড়া পৌরসভার ০৩ ও ০৪ নং ওয়ার্ডের জন্য বিবাহ ও তালাক সংশ্লিষ্ট ব্যক্তি কর্তৃক মৌখিক বা লিখিত আবেদনের প্রেক্ষিতে উক্ত বিবাহ ও তালাক নিবন্ধনের ক্ষমতা প্রদান করিল।

২। এই আইন ও উহার অধীন প্রণীত বিধিমালার বিধানসমূহ যথাযথভাবে প্রতিপালন করা আপনার দায়িত্ব হইবে।

৩। সরকার বাতিল বা স্থগিত না করা পর্যন্ত অথবা লাইসেন্সধারী ব্যক্তির বয়স ৬৭ (সাতষট্টি) বৎসর না হওয়া পর্যন্ত এই লাইসেন্স বলবৎ থাকিবে:

তবে শর্তে থাকে যে, সরকার যে কোনো সময় লাইসেন্সধারী ব্যক্তির উক্ত বয়স পুর্নর্নির্ধারণ করিতে পারিবে।

উল্লেখ্য, বর্ণিত বিষয়ে কোনো উপযুক্ত আদালতের কোনোরূপ স্থগিতাদেশ/নিষেধাজ্ঞা/স্থিতাবস্থা থাকিলে এই নিয়োগ আদেশ স্থগিত বলিয়া গণ্য হইবে।

তারিখঃ ২৯ চৈত্র ১৪২৯/১২ এপ্রিল ২০২৩

নং **১০.০০.০০০০.১৩১.১১.০০৪.০৩-১৪৭**—মুসলিম বিবাহ ও তালাক (নিবন্ধন) আইন, ১৯৭৪ (১৯৭৪ সনের ৫২ নং আইন) এর ৪ ধারার প্রদত্ত ক্ষমতাবলে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার সন্তুষ্ট হইয়া আপনাকে জনাব মোঃ সাইফুল ইসলাম , জন্ম তারিখঃ ০২-০২-১৯৯৪ খ্রিঃ, পিতা: আঃ ছালাম ফরাজী, মাতা: সেফালী বেগম , গ্রাম-খন্তাখালী, ওয়ার্ড নং-০৮, ডাকঘর-চানপুর, উপজেলা-মেহেন্দিগঞ্জ, জেলা-বরিশাল। এই আইন ও উহার অধীন প্রণীত বিধি দ্বারা নির্ধারিত পদ্ধতিতে বরিশাল জেলার মেহেন্দিগঞ্জ উপজেলার ১১ নং চানপুর ইউনিয়নের জন্য বিবাহ ও তালাক সংশ্লিষ্ট ব্যক্তি কর্তৃক মৌখিক বা লিখিত আবেদনের প্রেক্ষিতে উক্ত বিবাহ ও তালাক নিবন্ধনের ক্ষমতা প্রদান করিল।

২। এই আইন ও উহার অধীন প্রণীত বিধিমালার বিধানসমূহ যথাযথভাবে প্রতিপালন করা আপনার দায়িত্ব হইবে।

৩। সরকার বাতিল বা স্থগিত না করা পর্যন্ত অথবা লাইসেন্সধারী ব্যক্তির বয়স ৬৭ (সাতষট্টি) বৎসর না হওয়া পর্যন্ত এই লাইসেন্স বলবৎ থাকিবে:

তবে শর্তে থাকে যে, সরকার যে কোনো সময় লাইসেন্সধারী ব্যক্তির উক্ত বয়স পুর্ননির্ধারণ করিতে পারিবে।

উল্লেখ্য, বর্ণিত বিষয়ে কোনো উপযুক্ত আদালতের কোনোরূপ স্থগিতাদেশ/নিষেধাজ্ঞা/স্থিতাবস্থা থাকিলে এই নিয়োগ আদেশ স্থগিত বলিয়া গণ্য হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মুরাদ জাহান চৌধুরী**

সিনিয়র সহকারী সচিব।

---

**প্রতিরক্ষা মন্ত্রণালয়**

**ডি-১৮ শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখঃ ১৭ বৈশাখ, ১৪৩০ বঙ্গাব্দ/৩০ এপ্রিল, ২০২৩ খ্রিষ্টাব্দ

নং **২৩.০০.০০০০.১৮০.২৭.১৮২.২১.৩৪২**—বাংলাদেশ সেনাবাহিনীর বিএ-৯৮৮৬ ক্যাপ্টেন মোঃ ফরহাদ-উল-হাসান, পদাতিক- কে আর্মি অ্যাক্ট সেকশন-১৬, আর্মি অ্যাক্ট রুলস্ ৯(এ) এবং আর্মি রেগুলেশন্স (রুলস্) ৭৮(সি), ২৫৩(এ) ও ২৬১ অনুযায়ী বাংলাদেশ সেনাবাহিনীর চাকরি থেকে বরখাস্ত করা হলো।

২। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**ড. মোঃ মাহবুবুর রশীদ**

উপসচিব।

**স্বরাষ্ট্র মন্ত্রণালয়**

**জননিরাপত্তা বিভাগ**

**আইন-২ শাখা**

**প্রজ্ঞাপনসমূহ**

তারিখঃ ১৪ বৈশাখ, ১৪৩০ বঙ্গাব্দ/২৭ এপ্রিল, ২০২৩ খ্রিষ্টাব্দ

**নং ৪৪.০০.০০০০.০৫৬.০৪.০০২.২৩-৫৮৯**—কুমিল্লা জেলার লাকসাম থানার মামলা নং-১৪, তারিখঃ ১৬-০৯-২০২১ খ্রিঃ-এ ঘটনাস্থল হতে প্রাপ্ত জব্দকৃত আলামত পরীক্ষান্তে ও পুলিশী তদন্তে আসামীরা সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ {(সংশোধনী, ২০১২ ও সংশোধনী,২০১৩)}-এর ৬(২)(ঈ)/১০/১২(গ) ধারার অপরাধে জড়িত মর্মে প্রাথমিকভাবে প্রমাণিত হয়েছে।

২। এমতাবস্থায়, তদন্তে আনীত অভিযোগ প্রাথমিকভাবে প্রমাণিত হওয়ায় মামলাটি বিচারার্থে আমলে গ্রহণের লক্ষ্যে সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ {(সংশোধনী, ২০১২ ও সংশোধনী, ২০১৩)}-এর ৪০ (২) ধারার বিধান মোতাবেক এতদ্বারা সরকারের অনুমোদন (Sanction) জ্ঞাপন করা হলো।

তারিখঃ : ১১ বৈশাখ, ১৪৩০ বঙ্গাব্দ/২৪ এপ্রিল, ২০২৩ খ্রিষ্টাব্দ

নং **৪৪.০০.০০০০.০৫৬.০৪.০৩০.২২-৫৮২**—রংপুর জেলার মাহিগঞ্জ থানার মামলা নং-৩, তারিখঃ ১৭-০৬-২০২২ খ্রিঃ মামলাটি বিচারার্থে আমলে গ্রহণের লক্ষ্যে ফৌজদারী কার্যবিধি, ১৮৯৮ এর ধারা ১৯৬ ধারার বিধান মোতাবেক সরকারের অনুমোদন (Sanction) জ্ঞাপন করা হলো।

নং **৪৪.০০.০০০০.০৫৬.০৪.০৩০.২২-৫৮১**—রংপুর জেলার হারাগাছ থানার মামলা নং-৬, তারিখঃ ১৯-০৬-২০২২ খ্রিঃ মামলাটি বিচারার্থে আমলে গ্রহণের লক্ষ্যে ফৌজদারী কার্যবিধি, ১৮৯৮ এর ১৯৬ ধারার বিধান মোতাবেক সরকারের অনুমোদন (Sanction) জ্ঞাপন করা হলো।

তারিখঃ : ১৪ বৈশাখ, ১৪৩০ বঙ্গাব্দ/২৭ এপ্রিল, ২০২৩ খ্রিষ্টাব্দ

নং **৪৪.০০.০০০০.০৫৬.০৪.০০৮.২১-৫৮৮**—ঢাকা জেলার বাড্ডা থানার মামলা নং-৩৩(০২)২০২২-এর ঘটনাস্থল হতে প্রাপ্ত জব্দকৃত আলামত পরীক্ষান্তে ও পুলিশী তদন্তে আসামীরা সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ {(সংশোধনী, ২০১২ ও সংশোধনী, ২০১৩)}-এর ৬(২) এর (অ)(আ)(ই)(ঈ)/৮/৯/১০/১২ ধারার অপরাধে জড়িত মর্মে প্রাথমিকভাবে প্রমাণিত হয়েছে।

২। এমতাবস্থায়, তদন্তে আনীত অভিযোগ প্রাথমিকভাবে প্রমাণিত হওয়ায় মামলাটি বিচারার্থে আমলে গ্রহণের লক্ষ্যে সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ {(সংশোধনী, ২০১২ ও সংশোধনী,২০১৩)}-এর ৪০(২) ধারার বিধান মোতাবেক এতদ্বারা সরকারের অনুমোদন (Sanction) জ্ঞাপন করা হলো।

তারিখঃ : ২০ চৈত্র, ১৪৩০ বঙ্গাব্দ/০৩ এপ্রিল, ২০২৩ খ্রিষ্টাব্দ

নং **৪৪.০০.০০০০.০৫৬.০৪.০০১.১৯-৪৯৮**—মাদারীপুর জেলার কালকিনি থানার মামলা নং-০৪, তারিখঃ ০৯-০৪-২০২২ খ্রিঃ এর ঘটনাস্থল হতে প্রাপ্ত জব্দকৃত আলামত পরীক্ষান্তে ও পুলিশী তদন্তে আসামীরা সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ {(সংশোধনী, ২০১২) ও সংশোধনী, ২০১৩)} এর ৮/৯(২)/১০/১৩ ধারার অপরাধে জড়িত মর্মে প্রাথমিকভাবে প্রমাণিত হয়েছে।

২। এমতাবস্থায়, তদন্তে আনীত অভিযোগ প্রাথমিকভাবে প্রমাণিত হওয়ায় মামলাটি বিচারার্থে আমলে গ্রহণের লক্ষ্যে সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ {(সংশোধনী, ২০১২ ও সংশোধনী,২০১৩)}-এর ৪০(২) ধারার বিধান মোতাবেক এতদ্বারা সরকারের অনুমোদন (Sanction) জ্ঞাপন করা হলো।

তারিখ: ৩ বৈশাখ ১৪৩০/১৬ এপ্রিল ২০২৩

নং **৪৪.০০.০০০০.০৫৬.০৪.০০১.২৩-৫৩৮**—সিলেট জেলার এয়ারপোর্ট থানার মামলা নং-৩০/৩০, তারিখ: ২৭-০১-২০২২ খ্রিঃ এর ঘটনাস্থল হতে প্রাপ্ত জব্দকৃত আলামত পরীক্ষান্তে ও পুলিশী তদন্তে আসামীরা সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ {(সংশোধনী, ২০১২ ও সংশোধনী, ২০১৩)}-এর ৬(২)(ই)(ঈ)/৮/ ৯/১০/১২/১৩ ধারার অপরাধে জড়িত মর্মে প্রাথমিকভাবে প্রমাণিত হয়েছে।

২। এমতাবস্থায়, তদন্তে আনীত অভিযোগ প্রাথমিকভাবে প্রমাণিত হওয়ায় মামলাটি বিচারার্থে আমলে গ্রহণের লক্ষ্যে সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ {(সংশোধনী, ২০১২ ও সংশোধনী, ২০১৩)}-এর ৪০(২) ধারার বিধান মোতাবেক এতদ্বারা সরকারের অনুমোদন (Sanction) জ্ঞাপন করা হলো।

নং **৪৪.০০.০০০০.০৫৬.০৪.০০১.২৩-৫৩৯**—চট্টগ্রাম জেলার বাঁশখালী থানার মামলা নং-১১, তারিখ: ০৭-০৯-২০২১ খ্রিঃ এর ঘটনাস্থল হতে প্রাপ্ত জব্দকৃত আলামত পরীক্ষান্তে ও পুলিশী তদন্তে আসামীরা সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ {(সংশোধনী, ২০১২) ও সংশোধনী, ২০১৩)}-এর ৮/৯ ধারার অপরাধে জড়িত মর্মে প্রাথমিকভাবে প্রমাণিত হয়েছে।

২। এমতাবস্থায়, তদন্তে আনীত অভিযোগ প্রাথমিকভাবে প্রমাণিত হওয়ায় মামলাটি বিচারার্থে আমলে গ্রহণের লক্ষ্যে সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ {(সংশোধনী, ২০১২ ও সংশোধনী, ২০১৩)}-এর ৪০(২) ধারার বিধান মোতাবেক এতদ্বারা সরকারের অনুমোদন (Sanction) জ্ঞাপন করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**আশাফুর রহমান**
উপসচিব।

---

**গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়**
**অধিশাখা-১০**

**প্রজ্ঞাপন**

তারিখ: ১৭ জ্যৈষ্ঠ ১৪৩০/৩১ মে, ২০২৩

**নং শা-১২/১এম-২৫/৯৩-১২৮**—গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়ের ২৩ সেপ্টেম্বর, ১৯৮৬ তারিখের এস, আর, ও ৩৬৪-এল/৮৬ এর ৫(১)(ক) ধারা অনুযায়ী বাংলাদেশ গেজেট অতিরিক্ত, ২৩ সেপ্টেম্বর, ১৯৮৬ সালে প্রকাশিত গেজেটের ৯৭৬২(১৬) নং পৃষ্ঠার ৫৯ নং ক্রমিকে 'ক' তালিকাভুক্ত পরিত্যক্ত সম্পত্তির বাড়ি নং-২০/৩০, ব্লক-বি, বাবর রোড, মোহাম্মদপুর, ঢাকা বঙ্গবীর কাদের সিদ্দিকী (বীর উত্তম) এর অনুকূলে বিক্রয়ের লক্ষ্যে সংশ্লিষ্ট বাড়িটি সংরক্ষিত তালিকা হইতে বিক্রয় তালিকায় আনয়ন করা হইল।

রাষ্ট্রপতির আদেশক্রমে

অভিজিৎ রায়
উপসচিব।

**শিক্ষা মন্ত্রণালয়**
**কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ**
**কারিগরি শাখা-০৪**

**প্রজ্ঞাপন**

তারিখ : ০৫ চৈত্র ১৪২৯/১৯ মার্চ ২০২৩

**নং ৫৭.০০.০০০০.০৫৪.১৮.০০৯.২২.৪২**—ফকিরহাট শেখ হাসিনা কারিগরি মহাবিদ্যালয়টি "শেখ হাসিনা সরকারি কারিগরি মহাবিদ্যালয়, ফকিরহাট, বাগেরহাট" নামে নামকরণ ও ১৯-০৩-২০২৩ খ্রিষ্টাব্দ হতে সরকারি করা হলো।

০২। জনস্বার্থে এ আদেশ জারি করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**রহিমা আক্তার**
উপসচিব।

---

**আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়**
**আইন ও বিচার বিভাগ**
**বিচার শাখা-৭**

**আদেশাবলি**

তারিখ : ২৪ বৈশাখ ১৪৩০/০৭ মে ২০২৩

**নং ১০.০০.০০০০.১৩১.১১.০১০.৮৪(১/২)-১৭৩**—মুসলিম বিবাহ ও তালাক (নিবন্ধন) আইন, ১৯৭৪ (১৯৭৪ সনের ৫২নং আইন) এর ৪ ধারার প্রদত্ত ক্ষমতাবলে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার সন্তুষ্ট হইয়া আপনাকে (জনাব মোঃ রায়হানুল ইসলাম, জন্ম তারিখ: ০১-০২-১৯৮৬ খ্রি., পিতা-মোঃ নূরুল হুদা, মাতা-মোছাঃ রেহানা ইয়াসমিন, গ্রাম-কেসবা, ওয়ার্ড নং-০২, ডাকঘর-কিশোরগঞ্জ, উপজেলা-কিশোরগঞ্জ, জেলা-নীলফামারী।) এই আইন ও উহার অধীন প্রণীত বিধি দ্বারা নির্ধারিত পদ্ধতিতে নীলফামারী জেলার কিশোরগঞ্জ উপজেলার ০৬ নং কিশোরগঞ্জ ইউনিয়নের জন্য বিবাহ ও তালাক সংশ্লিষ্ট ব্যক্তি কর্তৃক মৌখিক বা লিখিত আবেদনের প্রেক্ষিতে উক্ত বিবাহ ও তালাক নিবন্ধনের ক্ষমতা প্রদান করিল।

২। এই আইন ও উহার অধীন প্রণীত বিধিমালার বিধানসমূহ যথাযথভাবে প্রতিপালন করা আপনার দায়িত্ব হইবে।

৩। সরকার বাতিল বা স্থগিত না করা পর্যন্ত অথবা লাইসেন্সধারী ব্যক্তির বয়স ৬৭ (সাতষট্টি) বৎসর না হওয়া পর্যন্ত এই লাইসেন্স বলবৎ থাকিবে:

তবে শর্ত থাকে যে, সরকার যে কোনো সময় লাইসেন্সধারী ব্যক্তির উক্ত বয়স পুনঃনির্ধারণ করিতে পারিবে।

উল্লেখ্য, বর্ণিত বিষয়ে কোনো উপযুক্ত আদালতের কোনোরূপ স্থগিতাদেশ/নিষেধাজ্ঞা/স্থিতাবস্থা থাকিলে এই নিয়োগ আদেশ স্থগিত বলিয়া গণ্য হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ শফিউল আলম**
সিনিয়র সহকারী সচিব।

**আদেশ**

তারিখ : ২৫ বৈশাখ ১৪৩০/০৮ মে ২০২৩

**নং ১০.০০.০০০০.১৩১.১১.০৭৩.০২(১/১)-১৭৭**—মুসলিম বিবাহ ও তালাক (নিবন্ধন) আইন, ১৯৭৪ (১৯৭৪ সনের ৫২নং আইন) এর ৪ ধারার প্রদত্ত ক্ষমতাবলে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার সন্তুষ্ট হইয়া আপনাকে (জনাব মোহাম্মদ আব্দুল আলীম, জন্ম তারিখঃ ০১-০১-১৯৮৫ খ্রি., পিতা-মোহাম্মদ ইউনুছ মিয়া, মাতা-ছালেহা খাতুন, গ্রাম-শায়েস্তানগর কবরস্থান রোড, ওয়ার্ড নং-০৯, ডাকঘর-হবিগঞ্জ-৩৩০০, উপজেলা-হবিগঞ্জ সদর, জেলা-হবিগঞ্জ।) এই আইন ও উহার অধীন প্রণীত বিধি দ্বারা নির্ধারিত পদ্ধতিতে হবিগঞ্জ জেলার হবিগঞ্জ পৌরসভার ০৯ নং ওয়ার্ডের জন্য বিবাহ ও তালাক সংশ্লিষ্ট ব্যক্তি কর্তৃক মৌখিক বা লিখিত আবেদনের প্রেক্ষিতে উক্ত বিবাহ ও তালাক নিবন্ধনের ক্ষমতা প্রদান করিল।

২। এই আইন ও উহার অধীন প্রণীত বিধিমালার বিধানসমূহ যথাযথভাবে প্রতিপালন করা আপনার দায়িত্ব হইবে।

৩। সরকার বাতিল বা স্থগিত না করা পর্যন্ত অথবা লাইসেন্সধারী ব্যক্তির বয়স ৬৭ (সাতষট্টি) বৎসর না হওয়া পর্যন্ত এই লাইসেন্স বলবৎ থাকিবে:

তবে শর্ত থাকে যে, সরকার যে কোনো সময় লাইসেন্সধারী ব্যক্তির উক্ত বয়স পুনঃনির্ধারণ করিতে পারিবে।

উল্লেখ্য, বর্ণিত বিষয়ে কোনো উপযুক্ত আদালতের কোনোরূপ স্থগিতাদেশ/নিষেধাজ্ঞা/স্থিতাবস্থা থাকিলে এই নিয়োগ আদেশ স্থগিত বলিয়া গণ্য হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মুরাদ জাহান চৌধুরী**
সিনিয়র সহকারী সচিব।